

চট্টগ্রাম সোমবার ২ ডিসেম্বর ২০২৪

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৩৯তম বর্ষ ২৮০তম সংখ্যা ।। ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ ।। ২৯ জমাদিউল আউয়াল ১৪৪৬ হিজরি ।। Monday 2 December 2024

www.dainikpurbokone.net

www.edainikpurbokone.net

f /DailyPurbokone

t /DailyPurbokone



স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিথিদের সাথে পুরস্কার ও সনদপ্রাপ্তরা

## স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী

স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুলের আয়োজনে বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান হয়েছে। গত বৃহস্পতিবার ও শনিবার এক জমজমাট আয়োজনের মধ্য দিয়ে শহীদ সাইফুদ্দিন খালেদ রোডস্থ ক্যাম্পাসে এ পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

স্কুলপ্রধানের স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। এতে উপস্থিত ছিলেন স্কুল পরিচালনা পর্ষদের সভাপতি ও পরিচালকবৃন্দ। অনুষ্ঠানটি দুটি পর্বে বিভক্ত ছিল। প্রথম পর্বে বাংলা হাতের লেখা, রচনা প্রতিযোগিতা, পঠন, চিত্রাঙ্কন, কেরাত, আবৃত্তিসহ আরও অনেক উল্লেখযোগ্য বিষয়ের উপর শিক্ষার্থীদের সনদ প্রদান করা হয়।

এবার প্রথমবারের মতো স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুল কর্তৃক ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান করা হয়। পাশাপাশি কারাতে বেল্ট ও সনদ প্রদান করা হয়। স্যার মরিস ব্রাউন ইন্টারন্যাশনাল স্কুল কর্তৃক নার্সারি থেকে দশম শ্রেণির শিক্ষার্থীরা নিয়মিতভাবে পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম হিসেবে কারাতে ক্লাসে নিজেদের নিয়োজিত রাখে। এই কারাতে কার্যক্রম প্রত্যেক শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। সকল শিক্ষার্থীসহ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা কারাতে বেল্ট পরীক্ষায় অংশগ্রহণ করে ও কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে বেল্ট ও সনদ অর্জন করে। কারাতে সনদটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত। এতে প্রথম থেকে অষ্টম শ্রেণির মোট ৪৮৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে এবং কারাতে বেল্ট ও সনদ অর্জন করে। স্কুলপ্রধানের সমাপনী বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।-বিজ্ঞপ্তি